

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর  
সরকারি ও সিনিয়র মাদ্রাসা শাখা-০১  
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,  
ঢাকা-১০০০।  
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০১৮.২১.৮৩

তারিখ: ২১ পৌষ ১৪২৮

০৫ জানুয়ারি ২০২২

বিষয়: নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আশরাফ আলী (ইনডেক্স নং-C2014995) এর প্রার্থিত পদবী সংশোধনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: (০১) জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী এর স্মারক নং-ডিইও/নোয়া/৬২; তারিখ: ২৫.০১.২১খ্রি.

(০২) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর স্মারকনং-৫৭.২৫.০০০০.০১০.১৫.০১৮.২১.৪২২; তারিখ: ১০.০৩.২০২১খ্রি.

(০৩) জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.০২.০২৪.২০-১০৩৩ তারিখ: ১৬.০৯.২০২১খ্রি. এর তদন্ত প্রতিবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আশরাফ আলী (ইনডেক্স নং-C2014995) এর এমপিও শীটে পদবী সংশোধনের আবেদন সূত্রোক্ত (০১) নং স্মারকে জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী এর মাধ্যমে অত্র অধিদপ্তরে অগ্রায়ণ করা হয়।

০২। পদবী সংশোধন সংক্রান্ত আবেদনটির সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে সূত্রোক্ত (০২) নং স্মারকে মাধ্যমে জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে তদন্তপূর্বক তদন্ত প্রতিবেদন দাখিলের জন্য পত্র প্রেরণ করা হয়।

০৩। সূত্রোক্ত (০৩) নং স্মারকের মাধ্যমে জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি তদন্ত প্রতিবেদন অত্র অধিদপ্তরে দাখিল করা হয়। (কপি সংযুক্ত)

০৪। জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত- “এমপিও শীটে জনাব মো: আশরাফ আলী, এর পদবী AT মুদ্রিত আছে এবং নিয়োগ ও যোগদানপত্রসহ নিয়োগ সংক্রান্ত কাগজ-পত্রে পদবী AM উল্লেখ আছে এবং এমপিও শীটে বেতন কোড ১০ উল্লেখ আছে যা সহকারী মৌলভী পদবীর ক্ষেত্রে প্রযোজ্য। বিধায়, তাঁর প্রকৃত পদবী AM মর্মে ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর নিকট প্রতীয়মান হয়। প্রার্থী নিজে এমপিও শীটে মুদ্রিত পদবী AT এর স্থলে AM সংশোধনের জন্য আবেদন করেছেন এবং জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী বিষয়োক্ত মাদ্রাসার অধ্যক্ষ গভর্নিং বডি সদস্যবৃন্দ AT এর স্থলে AM সংশোধনের সুপারিশ করেছেন। বিধায় নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মো: আশরাফ আলী (ইনডেক্স নং-C2014995) এর এমপিও শীটে পদবী AT এর স্থলে AM সংশোধন করা যেতে পারে।” (কপি সংযুক্ত)

০৫। জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী জনাব মো: আশরাফ আলী (ইনডেক্স নং-C2014995) এর তথ্য এবং প্রার্থিত পদবী নিম্নরূপঃ

ক্রমিক নং	নাম, পদবী, ইনডেক্স ও প্রতিষ্ঠানের ঠিকানা	সহকারী মৌলভী পদে যোগদানের তারিখ	এমপিও শীটে বিদ্যমান পদবী	প্রার্থিত পদবী	মন্তব্য
০১	মো: আশরাফ আলী, সহকারী মৌলভী (ইনডেক্স নং-C2014995) নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসা, সদর, নোয়াখালী	১৫/০৩/২০০৫ খ্রি.	পদবী - AT	পদবী- AM	এমপিও শীটে বিদ্যমান পদবী AT এর পরিবর্তে আবেদনকারীর প্রার্থিত পদবী AM সংশোধন যোগ্য।

০৬। এমতাবস্থায়, জেলা শিক্ষা অফিসার, নোয়াখালী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং জনাব ইমন আমির, পরিদর্শক (রাজশাহী বিভাগ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে প্রতিকার প্রার্থী মো: আশরাফ আলী (ইনডেক্স নং-C2014995) এর পদবী সংশোধনক্রমে AT স্থলে AM সংযোজনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং পত্রের বর্ণনামতে যথাযথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন (Compliance Report) দাখিলের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

১। পরবর্তীতে কোন তথ্য ভুল/মিথ্যা প্রমাণিত হলে সংশ্লিষ্ট আবেদনকারী, সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তদন্তকারীগণ দায়ী থাকবে।

২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তহরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে। কোনরূপ বকেয়া

দাবি করতে পারবে না।

৩। পরবর্তীতে নিয়োগ সংক্রান্ত/অন্যান্য ডকুমেন্টস্ ভুল/মিথ্যা/জাল প্রমাণিত হলে উক্ত শিক্ষক সরকারের যে কোন আইনানুগ শাস্তি গ্রহণে বাধ্য থাকবে।

সংযুক্তি: ১৩ ফর্দ।



৫-১-২০২২

কে, এম, রুহুল আমীন  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)


পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং প্রকল্প পরিচালক,  
মেমিস, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.১৫.০১৮.২১.৮৩/১(৬)

তারিখ: ২১ পৌষ ১৪২৮  
০৫ জানুয়ারি ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব (উপসচিব), সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত), নোয়াখালী।
- ৩) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, নোয়াখালী।
- ৪) সভাপতি/অধ্যক্ষ, নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসা, সদর, নোয়াখালী।
- ৫) জনাব মো: আশরাফ আলী, সহকারী মৌলভী (ইনডেক্স নং-C2014995) নোয়াখালী ইসলামিয়া কামিল মাদ্রাসা, সদর, নোয়াখালী।
- ৬) ব্যক্তিগত সহকারী (পিএ), মহাপরিচালক এর দপ্তর, মাদরাসা শিক্ষা অধিদপ্তর



৫-১-২০২২

মো: বাদশা মিয়া  
পরিদর্শক (সহযোগী অধ্যাপক)